



প্রকল্প পরিচালকের কার্যালয়  
'গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ (১ম সংশোধিত)' প্রকল্প

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৯ম তলা, আইসিটি টাওয়ার, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.eblict.gov.bd, E-mail: pdeblict@bcc.gov.bd, Phone- 55006880



BCC

স্মারক নং- ৫৬.০১.০০০০.০২৯.১১.১৯২.১৭.৭৩৫

তারিখ: ০৬ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
২০ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

## পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন 'গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ (১ম সংশোধিত)' প্রকল্পে নিম্নবর্ণিত শূন্য পদে সরকারি বিধি মোতাবেক সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	জাতীয় বেতন স্কেল- ২০১৫	যোগ্যতা
১	হিসাব রক্ষক	১	৩০ বৎসর	গ্রেড-১৩ (সর্বসাকুল্য)	১। বাণিজ্য বিভাগে স্নাতক/ স্নাতকোত্তর। এম এস ওয়ার্ড, এম এস এক্সেল, এম এস পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ই-মেইল ব্যবহার এবং বাংলা লেখায় দক্ষতা থাকতে হবে ২। প্রকল্প কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

- সকল প্রার্থীকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েবসাইটের মাধ্যমে আগামী ৩১ জানুয়ারি ২০২২ খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ মিনিট এর মধ্যে আবেদন করতে হবে।
- প্রার্থীর বয়স বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা সন্তানদের এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য বয়সের উর্ধ্বসীমা এবং সর্ব প্রকার কোটা পদ্ধতিতে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।
- প্রার্থীদের ৩০০ (তিনশত) টাকা DBBL Mobile Banking/bKash এর মাধ্যমে অনলাইনে (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) পরিশোধ করতে হবে।
- লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের (ক) জাতীয় পরিচয়পত্র (খ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি (গ) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র পরবর্তীতে দাখিল করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- পদটি অস্থায়ীভাবে সাকুল্য বেতনে প্রকল্প চলাকালীন সময়ের জন্য নিয়োগ করা হবে।
- উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত অন্যান্য বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ইতোপূর্বে গত ২৫ নভেম্বর ২০২১ তারিখে ৫৬.০১.০০০০.০২৯.১১.১৯২.১৭.৬৫৭ স্মারকমূলে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক যে সকল প্রার্থী সফলভাবে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

  
২০.০১.২০২২

(মোঃ মাহবুব করিম)

প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত)

'গবেষণা ও উন্নয়নের মাধ্যমে তথ্য প্রযুক্তিতে বাংলা ভাষা সমৃদ্ধকরণ (১ম সংশোধিত)' প্রকল্প